দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 FEB 2017
পৃষ্ঠা ৭৮ কলাম ৫

# ঝিনাইদহে ১৮০ বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য

■ ভ্রাম্যমাণ প্রতিনিধি

প্রমোশন ও নতুন নিয়োগ বন্ধ থাকায় ঝিনাইদহ জেলায় ১'শ ৮০টি সরকারি প্রাইমারি স্কুলে প্রধান শিক্ষক নেই। এসব স্কুলে সহকারী শিক্ষকরা জোড়াতালি দিয়ে কাজ চালাচ্ছেন।

জেলা প্রাইমারি শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, আগে জেলায় সরকারি প্রাইমারি স্কুল ছিল ৪'শ ৮টি। ২০১৩ সালে আরো ৪'শ ৮৯টি রেজিস্টার প্রাইমারি স্কুল সরকারি করা হয়েছে। এরমধ্যে কালীগঞ্জে ২১টি, কোটচাঁদপুরে ১৪টি, ঝিনাইদহ সদর উপজেলায় ৩৭টি, মহেশপুরে ৪৬টি, শৈলকুপায় ৪২টি এবং হরিণাকুন্ডু উপজেলায় ২০টি সরকারি প্রাইমারি স্কুলে প্রধান শিক্ষক নেই। এসব স্কুলে একজন সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত হিসাবে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। তারা নিজের দায়িত্ব পালনের পর অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। এতে পাঠদান ব্যাহত হচ্ছে।

অবসরজনিত কারণে প্রধান শিক্ষকের পদ শূন্য হচ্ছে। প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকের পদ গেজেটেড অফিসার করা হয়েছে। দীর্ঘদিন যাবৎ সহকারী শিক্ষক হতে প্রধান শিক্ষক পদে পদোন্নতি বন্ধ রয়েছে। এছাড়াও প্রধান শিক্ষক পদে নতুন নিয়োগও বন্ধ আছে। তাই প্রধান শিক্ষকের পদের শূন্যতা বাড়ছে বলে জেলা প্রাইমারি শিক্ষা অফিস সূত্রে জানা গেছে।